

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৮১০  
মোহনপুর, ২১ জুন, ২০২২

ইকফাই বিশ্ববিদ্যালয়ে ভোটার সচেতনতামূলক কর্মসূচি

ইকফাই বিশ্ববিদ্যালয়ে আজ ভোটার সচেতনতামূলক এক কর্মসূচির আয়োজন করা হয়। সচেতনতামূলক এই কর্মসূচির উদ্বোধন করেন ড-আগরতলা বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের নির্বাচন বিষয়ক সাধারণ পর্যবেক্ষক ড. পার্থ সারথি মিশ্র। উদ্বোধনী অনুষ্ঠানে তিনি বলেন, ভোটাধিকার প্রয়োগ প্রত্যেক প্রাপ্তবয়স্ক নাগরিকের গণতান্ত্রিক অধিকার। আমরা একে জাতীয় উৎসবও বলতে পারি। ভারতের নির্বাচন কমিশন চায় প্রত্যেক প্রাপ্ত বয়স্ক নাগরিক যেন স্বতঃস্ফূর্তভাবে তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। তিনি বলেন, প্রত্যেক প্রাপ্তবয়স্ক নাগরিক যেমন নিজের ভোটাধিকার প্রয়োগ করবেন তেমনি অন্যকেও ভোটদানে উৎসাহিত করবেন।

ইকফাই বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত এই ভোটার সচেতনতা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. এ রঙ্গনাথন, একাডেমিক ডিন প্রফেসর এস চ্যাটার্জি, প্রফেসর পি এস শ্রীবাস্তব প্রমুখ। ভোটার সচেতনতা কর্মসূচি উপলক্ষে অনুষ্ঠিত হয় কুইজ প্রতিযোগিতা। বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী, অধ্যাপক ও অধ্যাপিকাগণ এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*